

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৮৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّنِفْ

## আরবী

وَعَن ابْنِ مَسْعُودٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَامَ عَلَى حَصِيرٍ فَقَامَ وَقَدْ أَثَرَ فِي جَسَدِهِ فَقَالَ ابْنُ مَسْعُودٍ: يَا رَسُولَ اللَّهِ لَوْ أَمَرْتَنَا أَنْ نَبْسُطَ لَكَ وَنَعْمَلَ. فَقَالَ: «مَا لِي وَلِلدُّنْيَا؟ وَمَا أَنَا وَالدُّنْيَا إِلَّا كَرَاكِبٍ اسْتَظَلَّ تَحْتَ شَجَرَةٍ ثُمَّ رَاحَ وَتَرَكَهَا» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَابْن مَاجَه

حسن ، رواه احمد (1 / 391 ح 3709) و الترمذي (2377 وقال : صحيح) و ابن ماجم (4109) ـ

صَحِيح)

#### বাংলা

৫১৮৮-[৩৪] (আবদুল্লাহ) ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। নাবী (সা.) একটি চাটাইয়ে ঘুমিয়েছিলেন, তা হতে উঠলে তাঁর দেহে চাটাইয়ের দাগ পড়ে যায়। তখন ইবনু মাসউদ (রাঃ) আরয করলেন: হে আল্লাহর রসূল! আপনি যদি আমাদেরকে আদেশ দিতেন তবে আমরা আপনার জন্য একখানা বিছানা তৈরি করে বিছিয়ে দিতাম। তিনি (সা.) বললেন: দুনিয়ার সাথে আমার কি সম্পর্ক? মূলত আমার ও দুনিয়ার উপমা হলো একজন ঐ আরোহীর ন্যায়, যে একটি গাছের নীচে ছায়ায় কিছু সময়ের জন্য বিশ্রাম নিলো, অতঃপর বৃক্ষটিকে ছেড়ে চলে যায়। (আহমাদ, তিরমিয়ী ও ইবনু মাজাহ)

# ফুটনোট

সহীহ : তিরমিয়ী ২৩৭৭, ইবনু মাজাহ ৪১০৯, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩২৮২, মুসনাদে বায্যার ১৫৩ শুআবুল ঈমান ১০৪১৫।



### ব্যাখ্যা

ব্যাখ্যা : মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন : (مَا لِي وَلِلدُّنْيَا) এর অর্থ হলো, দুনিয়ার প্রতি আমার কোনই মুহাব্বাত নেই। কারণ আমি আখিরাতকে অনুসন্ধান করি এবং আখিরাতের জন্য প্রস্তুতি গ্রহণ করি। (তুহফাতুল আহওয়াযী ৬৯ খণ্ড, হা. ২৩৭৭; মিকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন